

২৮/০২/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

অধিবেশন নং -

স্থান- ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর এর কার্যালয়।

তারিখ-২৮/০২/২০২৩ ইং

সময় : সকাল- ১০.০০ ঘটিকা

ক্রঃ নং	নাম ও পদবী	পদবী	স্বাক্ষরিত
১	চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি	সদস্য	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৪	ফিরোজ আহম্মেদ, উপজেলা কৃষি অফিসার, বিরামপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহঃ-

- ১। রবি/২০২২-২০২৩ মৌসুমে বিভিন্ন ফসল আবাদ ও উৎপাদন।
- ২। বোরো ফসল চাষাবাদে,লাইন,লোগো ও পার্চিং এবং আলোক ফাঁদের এর ব্যবহার।
- ৩। বিবিধ।

অধ্যকার সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা কৃষি অফিসার বিরামপুরকে আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১নং রবি/২০২২-২৩ মৌসুমে বোরো আবাদ ও উৎপাদন

উপজেলা কৃষি অফিসার, সভাকে অবহিত করেন যে, রবি/২০২২-২৩ মৌসুমে অত্র উপজেলায় ১৫২১০ হে. রোপা আমন আবাদে লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫২১৫ হে. জমিতে আবাদ হয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভালো। আবহাওয়া অনুকূলে থাকলে ১০২৬১৩ মে.টন ধান উৎপাদন হবে বলে আশা করা যায়।


২নং বোরো ফসল চাষাবাদে ,লাইন, লোগো ও পার্চিং এবং আলোক ফাঁদ স্থাপন বাস্তবায়ন-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, বোরো ধান ফসলে লাইন, লোগো ও পার্চিং করা হয়েছে। বর্তমানে উপকারী ও ক্ষতিকর পোকাকার উপস্থিতি নিরূপন ও সে মোতাবেক ব্যবস্থা গ্রহনে আলোক ফাঁদ একটি ফলপ্রসূ পদ্ধতি। এ পদ্ধতি ব্যবহার করে উপকারী ও ক্ষতিকর পোকা সনাক্ত করা যায় এবং ক্ষতিকর পোকামাকড় দমনে সঠিক সময়ে সঠিক ব্যবস্থা গ্রহন করা যায়। ফলে উৎপাদন বৃদ্ধি পায়। আশা করা যায় যে, আমরা আমাদের লক্ষ্যমাত্রার অধিক বোরো ধান উৎপাদন করতে পারব।

৩নং বিবিধ আলোচনা-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রবি/২০২২-২৩ মৌসুমে কৃষি উপকরনাদি (বীজ ও সার) প্রাপ্তির, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। বীজ ও সারের মনিটরিং জোরদার করা হয়েছে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।




সভাপতি

উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।



স্মারক নং-১২.১৮.২৭১০.০৪১.৯৯.০১৮.২৩.১৫০ (৬)

তারিখ- ২৮/০২/২০২৩খ্রি.

অনুলিপি-সদয় অবগতির জন্যঃ

- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৬) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, বিরামপুর, দিনাজপুর।
- ৪-৬) চেয়ারম্যানইউপি, বিরামপুর, দিনাজপুর।